# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 14-07-2026** **Time: 1.40 PM**

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বজ্রপাত থেকে সুরক্ষায় নারকেল গাছের চারা বসানোর ওপর বিশেষ জোর দিয়েছেন। কলকাতায় আজ অরণ্য সপ্তাহের সূচনা করে তিনি বলেন, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে এর জন্য নারকেল গাছের চারা বিতরণের নির্দেশ দিয়েছেন। মুখ্যমন্ত্রী আরও জানান, এবার ৭০টি বড় আকারের রথযাত্রার উৎসব হবে। সেখানে রাজ্য সরকারের তথ্যসংস্কৃতি, স্বাস্থ্য দপ্তর ও পুলিশের সহায়তায় যে সেবা ক্যাম্পগুলি গড়ে তোলা হবে সেখান থেকে চারা গাছ বিতরণের নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া এবছর ৭কোটি ২০ লক্ষ বৃক্ষরোপনের যে লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে তার মধ্যে পরিবেশ দিবসে ৯লক্ষ রোপন করা হয়েছে। তিনি অভিযোগ করেন, বিগত সরকার ১৫ বছরে সব কিছু ধ্বংসের পাশাপাশি গাছও ধ্বংস করেছে।

(বাইট-মুখ্যমন্ত্রী)

ঝাড়গ্রাম, পুরুলিয়া, বাঁকুড়া এবং উত্তরবঙ্গেও বহু গাছ কেটে ফেলা হয়েছে। তাই ব্যাপক বনসৃজনের মাধ্যমে রাজ্যের পরিবেশ রক্ষা, অরণ্য সম্পদ তৈরি এবং জঙ্গলের জীবজন্তু রক্ষা করতে হবে। মুখ্যমন্ত্রী জানান, শুধু গাছ লাগালেই নয়, সেই গাছকে রক্ষণাবেক্ষণের দায়িত্বও নিতে হবে।

--------------------------------

কেন্দ্রীয় কৃষি ও গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নবান্নে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে এক গুরুত্বপূর্ণ বৈঠকে বসেন। নবান্ন সূত্রে জানা গেছে, এই সাক্ষাতে রাজ্যের কৃষি, গ্রামীণ উন্নয়ন, আবাসন ও কর্মসংস্থান নিয়ে বিস্তর আলোচনা হয়েছে। বৈঠকের শুরুতে নবান্নে বৃক্ষরোপণ কর্মসূচিতেও অংশ নেন তাঁরা। সেখানে মুখ্য সচিব মনোজ আগরওয়াল, কৃষিমন্ত্রী দুধকুমার মন্ডল, কৃষি সচিব ছাড়াও অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

--------------------------------

কৃত্রিম বুদ্ধিমত্তার পর এবার অত্যাধুনিক কোয়ান্টাম কম্পিউটিং প্রযুক্তির দিকেও নজর দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকার। এই অত্যাধুনিক প্রযুক্তির সম্ভাবনা খতিয়ে দেখতে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি শীর্ষ প্রযুক্তি সংস্থাকে রাজ্যে আমন্ত্রণ জানানো হয়েছে। একই সঙ্গে সংস্থার প্রতিনিধিদের সঙ্গে মুখ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের শীর্ষ আধিকারিকদের বৈঠকের উদ্যোগও নেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। কোয়ান্টাম কম্পিউটিং প্রযুক্তির সম্ভাবনা, বিনিয়োগ এবং গবেষণার সুযোগ নিয়ে প্রাথমিক পর্যায়ের আলোচনা শুরু করতেই এই উদ্যোগ। সংস্থার প্রতিনিধিরা রাজ্যে এলে মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে সম্ভাব্য সহযোগিতা, প্রযুক্তি স্থানান্তর, গবেষণা এবং দক্ষ মানবসম্পদ তৈরির মতো বিষয়গুলি নিয়ে আলোচনা হতে পারে।

----------------------------------

রাজ্যের মাদ্রাসাগুলিতে, ২০১৫ থেকে ২০২০ সালের মধ্যে চাকরী পাওয়া ৩৬১ জন শিক্ষক ও অশিক্ষক কর্মীর নিয়োগ, সুপ্রিম কোর্ট ‘অবৈধ’ বলে বাতিল করে দিয়েছে।

রাজ্য সরকারের অনুমোদন ছাড়াই এদের নিয়োগ হয়েছিল বলে কলকাতা হাইকোর্ট আগেই তাদের আবেদন খারিজ করে। সুপ্রিম কোর্ট সেই আদেশ'ই বহাল রেখেছে।

হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ওই ৩৬১ জন, সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল।

---------------------------

দশ নম্বর জাতীয় সড়কের কুড়ি মাইল এলাকায় বড়সড় ধস নামায় সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গিয়েছে যান চলাচল। এর জেরে শিলিগুড়ি ও সিকিমের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ এই সড়কপথে যোগাযোগ কার্যত বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

উল্লেখ্য, মঙ্গলবার সকাল থেকেই যান চলাচল বন্ধ রয়েছে। ফলে সিকিমের গ্যাংটক থেকে শিলিগুড়ি এবং শিলিগুড়ি থেকে সিকিমগামী সমস্ত যানবাহন আটকে পড়েছে। জাতীয় সড়কের দুই দিকেই কয়েক কিলোমিটার দীর্ঘ গাড়ির লাইন তৈরি হয়েছে। সবচেয়ে বেশি সমস্যায় পড়েছেন পর্যটক ও জরুরি প্রয়োজনে যাতায়াতকারী সাধারণ মানুষ।

ধস সরিয়ে দ্রুত যান চলাচল স্বাভাবিক করার লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরের কর্মীরা কাজ শুরু করেছেন।

---------------------------

উত্তরবঙ্গে এই প্রথম পোস্ট অফিসে চালু হলো ডিজিটাল কিয়স্ক মেশিন, এবার লাইনে না দাঁড়িয়েই পোস্ট পাঠানোর সুবিধা  ডাক পরিষেবাকে আরও আধুনিক ও জনবান্ধব করতে উত্তরবঙ্গে প্রথমবারের মতো একটি পোস্ট অফিসে চালু হলো

অত্যাধুনিক ডিজিটাল কিয়স্ক মেশিন। সোমবার থেকে আনুষ্ঠানিকভাবে এই পরিষেবার উদ্বোধন করা হয়। নতুন এই উদ্যোগের ফলে সাধারণ মানুষকে আর পোস্ট বুকিংয়ের জন্য দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়ে কাউন্টারে অপেক্ষা করতে হবে না।

---------------------------

পশ্চিমবঙ্গ পুলিশের শীর্ষ স্তরে আরেকদফা বড়সড় রদবদল করা হয়েছে। রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের এক নির্দেশিকায় আজ একযোগে ৩৩ জন আইপিএস এবং ডব্লিউবিপিএস আধিকারিককে নতুন দায়িত্বে নিয়োগ করা হয়েছে।

সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্যে রয়েছে, ডিজি কারা নটরাজন রমেশ বাবুকে রাজ্য সিআইডির ডিজি পদের অতিরিক্ত দ্বায়িত্ব দেওয়া হয়েছে । এতদিন সিআইডির অতিরিক্ত দায়িত্বে থাকা সুপ্রতিম সরকারকে এডিজি, টেলিকমিউনিকেশনস পদে পাঠানো হয়েছে। উত্তরবঙ্গ অঞ্চলের এডিজি ও আইজিপি কে. জয়ারামনকে অর্থনৈতিক অপরাধ দমন শাখার অধিকর্তা করা হয়েছে।

---------------------------

ব্যারাকপুর সদরবাজার থেকে এসপ্ল্যানেড যাওয়ার সরকারি নতুন বাস রুটের সূচনা করলেন রাজ্যের শ্রম ও পরিবহন মন্ত্রী অর্জুন সিং।এস ১১ বি এই রুটের বাস তিনটে করে চলবে প্রতিদিন। ফলে কলকাতার সঙ্গে ব্যারাকপুরের যোগাযোগ সহজ হলো বলে জানালেন অর্জুন সিং। যাত্রীদের সুবিধার্থে পুজোর আগে নতুন ৪৬৮ টি সরকারি বাস রাস্তায় নামবে বলে পরিবহন মন্ত্রী অর্জুন সিং জানিয়েছেন। সেগুলি ব্যাটারি চালিত ও সি এন জি গ্যাস চালিত হবে। তিনি বলেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বাস

গুলি উদ্বোধন করবেন। এদিকে পরিবহন মন্ত্রী আজ ব্যারাকপুরে এসপ্ল্যানেড ও ব্যারাকপুরের মধ্যে নতুন একটি বাস রুট এস ১১ বি চালু করেছেন।

----------------------------

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে তৃণমূল কংগ্রেস সাংসদ দোলা সেনকে, গতকাল বিজেপি কর্মী সমর্থকদের কালো পতাকা দেখানোকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়ে পড়ে। কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রী এইচ ডি কুমারস্বামীর সঙ্গে দুর্গাপুর হাউজে সাক্ষাৎ করে বেরিয়ে যাওয়ার সময় দোলা সেনকে কালো পতাকা দেখিয়ে 'চোর' স্লোগান দেওয়া হয়। পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

-------------------------

বর্ধমানের বিজয়রামে, এক তৃণমূল কংগ্রেস সমর্থককে মারধরের অভিযোগে পরিস্থিতি গতকাল উত্তপ্ত হয়ে ওঠে।

পরিবারের দাবি, দিবাকর দাস নামে ওই ব্যক্তি, বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই বাড়ির বাইরে ছিলেন। গতকাল তিনি এলাকায় ফিরতেই ডিভিসি ক্যানেল পাড়ে চার-পাঁচজন তাকে ঘিরে ধরে মারধর করে। গুরুতর জখম অবস্থায় দিবাকরকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী গিয়ে, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পরিবারের আরো অভিযোগ, হামলায় অভিযুক্তরা আগে অন্য রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত ছিল। এখন তারা নিজেদের বিজেপি কর্মী হিসেবে পরিচয় দিচ্ছে। বিজেপির পক্ষে অবশ্য কোনো বক্তব্য এখনও পাওয়া যায়নি।

-----------------------------------------------